AIUB
AMERICAN INTERNATIONAL UNIVERSITY-BANGLADESH

REF: AIUB/VC's Office/ Notice-2024
তারিখ: ১৬ই আগস্ট ২০২৪

**প্রিয় পিতামাতা/অভিভাবকগণ,**

আসসালামুয়ালাইকুম ।

টিম AIUB এর পক্ষ থেকে শুভেচ্ছা। সরকারি নির্দেশনা অনুযায়ী, **আঠারো আগস্ট রবিবার থেকে** বিশ্ববিদ্যালয় আবার নিয়মিত কার্যক্রম শুরু করবে। যেহেতু আমাদের অনেক শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারী ঢাকার বাইরে আছেন, তাই **প্রাথমিকভাবে অনলাইনে ক্লাস শুরু করা হবে। শীঘ্রই আমরা ছাত্র এবং শিক্ষকদের মতামত নিয়ে ক্যাম্পাস থেকে ক্লাস শুরু করব।**

গ্রীষ্মকালীন সেমিস্টারে (2023-24) শিক্ষার্থীদের স্বাভাবিক পড়ালেখা ব্যাঘাত ঘটেছে। **তাই, অনলাইন ক্লাসের প্রথম সপ্তাহের পরে ছাত্র এবং শিক্ষকদের মতামতের ভিত্তিতে চূড়ান্ত মূল্যায়ন প্রক্রিয়া নির্ধারণ করা হবে।**

এই কঠিন সময়ে আমাদের প্রিয় শিক্ষার্থীরা যে শারীরিক এবং মানসিক চাপ এবং আঘাতের মধ্য দিয়ে গেছে তা আমরা গভীরভাবে উপলব্ধি করি। আমাদের ইমার্জেন্সি রেসপন্স টিম (ERT) এই সময়ে প্রায় একশত জন ছাত্র এবং কর্মচারীর কে চিকিৎসা, আইনি এবং মানসিক স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবা প্রদানে সহায়তা করেছে যার মধ্যে দশ জন কে গুরুতর চিকিৎসা সেবা প্রদানে সহায়তা করেছে। যেহেতু রবিবার থেকে বিশ্ববিদ্যালয়ের নিয়মিত কার্যক্রম শুরু হচ্ছে, তাই ERT- এর চিকিৎসা এবং আইনি সম্পর্কিত পরিষেবা দেওয়া শেষ হবে । তবে AIUB ছাত্র এবং কর্মচারীদের মানসিক আঘাত এবং চাপ মোকাবেলায় সহায়তা প্রদানে মানসিক স্বাস্থ্য পরিষেবা উন্মুক্ত থাকবে।

এছাড়াও, আমরা পিতামাতা/অভিভাবকদের যে কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকলে তা সংশ্লিষ্ট ডিন/ অ্যাসোসিয়েট ডিন/প্রোগ্রাম ডিরেক্টর/ রেজিস্ট্রার/প্রক্টরের সাথে আলোচনা করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। অনুগ্রহ করে আপনার সুবিধামত সময়ে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করতে আমাদের হোমপেজে হটলাইনগুলিতে কল করুন।

এই সুযোগে আমরা আপনাকে আশ্বস্ত করতে চাই যে, এআইইউবি এর সূচনা থেকেই একটি অরাজনৈতিক বিশ্ববিদ্যালয়। এআইইউবি ক্যাম্পাসের অভ্যন্তরে যেকোনো ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড প্রথম থেকেই নিষিদ্ধ ছিল।

টিম AIUB- এর উপর আপনার অব্যাহত আস্থার জন্য আন্তরিক ধন্যবাদ।

S. Islam

অধ্যাপক ড. সাইফুল ইসলাম
উপাচার্য, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ

408/1, Kuratoli, Khilkhet, Dhaka 1229, Bangladesh
Phone: +880 2 841 4046-9, +880 2 841 4050, 841 2255
Fax: +880 2 841 2255; Email: info@aiub.edu; Web: www.aiub.edu